**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জাতীয় রাজস্ব বোর্ড**
**ঢাকা।**

**[ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ]**

**প্রজ্ঞাপন**

তারিখ: ৩০ জ্যৈষ্ঠ, ১৪২৬ বঙ্গাব্দ / ১৩ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ।

**এস.আর.ও. নং-১৮১-আইন/২০১৯/৩৮-মূসক।-** মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১৩৫, ধারা ৫৮ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড, Customs Act, 1969 (Act No. IV of 1969) এর First Schedule এর Heading No. 24.02 এর আওতাধীন উৎপাদিত বা আমদানিকৃত তামাকযুক্ত সিগারেট (হাতে তৈরি বিড়ি ব্যতীত) এর উপর প্রযোজ্য মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আদায়ের লক্ষ্যে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:-

১। **শিরোনাম।-** এই বিধিমালা উৎপাদিত বা আমদানিকৃত তামাকযুক্ত সিগারেটের মূল্য নির্ধারণসহ উহার প্যাকেটে স্ট্যাম্প বা ব্যান্ডরোল ব্যবহার পদ্ধতি বিধিমালা, ২০১৯ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।-** বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকিলে, এই বিধিমালায়-

(ক) "**আইন**" অর্থ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন);

(খ) **"কর"** অর্থ আইনের ধারা ২ এর দফা (২৪) এ সংজ্ঞায়িত কর;

(গ) "**বিধিমালা**" অর্থ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬;

(ঘ) "**শেল এন্ড স্লাইড প্যাকেট**" অর্থ শক্ত বা নরম কাগজ বা কাগজের বোর্ড বা অন্য কোনো উপকরণের তৈরি দশ বা বিশ শলাকা ধারণযোগ্য সিগারেটের প্যাকেট, যাহার দুই মুখ খোলা; এবং

(ঙ) "**হার্ড ও সফট প্যাকেট**" অর্থ শক্ত বা নরম কাগজ বা কাগজের বোর্ড বা অন্য কোনো উপকরণের তৈরি এক মুখ খোলা ও এক মুখ আবদ্ধ দশ, বারো বা বিশ শলাকা সিগারেট ধারণযোগ্য সিগারেটের প্যাকেট।

৩। **স্ট্যাম্প বা ব্যান্ডরোল-এর ব্যবহার পদ্ধতি,ইত্যাদি।**—(১) আমদানিকারক বা আইনের অধীন নিবন্ধিত উৎপাদক, অতঃপর উৎপাদক বলিয়া উল্লিখিত, আমদানিকৃত বা উৎপাদিত সিগারেটের প্যাকেটে নির্দিষ্টকৃত মূল্যমানের নিরাপত্তামূলক ব্যবস্থা সংবলিত বিশেষ আকার ও ডিজাইনের স্ট্যাম্প বা ব্যান্ডরোল ব্যবহার করিবে।

(২) আমদানিকৃত বা উৎপাদিত সিগারেটের প্যাকেটে স্ট্যাম্প বা ব্যান্ডরোল এর ব্যবহারের উদ্দেশ্যে আমদানিকারক বা উৎপাদক বোর্ড কর্তৃক সময় সময় প্রশাসনিক আদেশ দ্বারা জারীকৃত নির্দেশনা অনুসারে স্ট্যাম্প বা ব্যান্ডরোল সংগ্রহ করিবে।

**৪। স্ট্যাম্প ও ব্যান্ডরোলের আকার, ডিজাইন ও মূল্য।-** (১) আমদানিকৃত বা উৎপাদিত সিগারেটের প্যাকেটে ব্যবহার্য-

(ক) স্ট্যাম্পের আকার হইবে দৈর্ঘ্যে ৪৫ (পঁয়তাল্লিশ) মিলিমিটার ও প্রস্থে ২০ (বিশ) মিলিমিটার এবং ব্যান্ডরোলের আকার হইবে দৈর্ঘ্যে ১৪০±০.৫ মিলিমিটার এবং প্রস্থে ১৪±০.২৫ মিলিমিটার; এবং

(খ) স্ট্যাম্পের ডিজাইন হইবে প্রধান রং এর ভিত্তিতে যথাক্রমে “হালকা মেরুন”, “হালকা সবুজ”, “হালকা নীল” ও “হালকা খয়েরী” এবং ব্যান্ডরোলের ডিজাইন হইবে “হালকা গোলাপী” ও “হালকা সবুজ”।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত স্ট্যাম্প ও ব্যান্ডরোলের মূল্যমান বোর্ড কর্তৃক নির্ধারিত হইবে।

**৫। সিগারেটের সর্বোচ্চ খুচরা মূল্য।-** (১) আইনের ধারা ৫৮ এর উপ-ধারা (২) এর উদ্দেশ্য পূরণকল্পে বোর্ড, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা উৎপাদকের উৎপাদিত বিভিন্ন ব্র্যান্ডের উৎস, নাম ও মূল্যমানের সিগারেটের জন্য সর্বোচ্চ খুচরা মূল্য নির্ধারণসহ উহার ভিত্তিতে মূল্য সংযোজন কর এবং সম্পূরক শুল্কের পরিমাণ নির্ধারণ করিতে পারিবে।

(২) কোনো উৎপাদক বা বিক্রেতা উপ-বিধি (১) এর অধীন নির্ধারিত মূল্যস্তরের অতিরিক্ত কোনো সিগারেটের মূল্য নির্ধারণ করিতে পারিবেন না।

(৩) উপ-বিধি (১) ও (২) এর বিধান সাপেক্ষে সিগারেট উৎপাদক **“পরিশিষ্ট-ক”** ফরমে সিগারেটের ব্র্যান্ডের নাম, ব্র্যান্ডের উৎস, মূল্যসহ সিগারেট উৎপাদনের জন্য ক্রয়কৃত সকল উপকরণ মূল্য, যাবতীয় ব্যয় ও তৎকর্তৃক প্রযোজ্য ক্ষেত্রে, প্রদত্ত কমিশন, চার্জ, ফি ও সম্পূরক শুল্কসহ সকল শুল্ক ও কর (আগাম কর ব্যতীত) এবং মুনাফা অন্তর্ভুক্ত করিয়া কমিশনারের নিকট ঘোষণা প্রদান করিবেন। কমিশনার প্রদত্ত ঘোষণায় কোনো পরিবর্তন বা সংশোধনী আনয়নের ক্ষেত্রে উৎপাদনকারী প্রতিষ্ঠানকে যুক্তিসঙ্গত শুনানির সুযোগ প্রদান করিয়া অনুমোদন করিবেন। ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে কমিশনার অনুমোদন না করিলে তাহা অনুমোদিত মর্মে বিবেচিত হইবে। তবে, দলিলাদির ঘাটতি থাকিলে কমিশনার উল্লিখিত সময়ের মধ্যে পত্র মারফত সংশ্লিষ্ট উৎপাদনকারী প্রতিষ্ঠানকে নিশ্চিতভাবে অবহিত করিবেন। সেইক্ষেত্রে, অনুমোদনের জন্য নির্ধারিত ১৫ (পনের) কার্যদিবস সময়সীমা প্রযোজ্য হইবে না। আবশ্যকীয় দলিলাদি প্রাপ্তির ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে কমিশনার মূল্য অনুমোদন করিবেন।

(৪) বিধি ৪ ও এই বিধির উদ্দেশ্য পূরণকল্পে নিম্নের টেবিলের, যথাক্রমে, কলাম (২), (৩), (৪) ও (৫) এ উল্লিখিত সিগারেটের প্যাকেটের খুচরা মূল্যস্তর, শলাকা সংখ্যা, প্রকৃতি ও ডিজাইন অনুযায়ী, অনুচ্ছেদ ৬ এর বিধান সাপেক্ষে, স্ট্যাম্প বা ব্যান্ডরোল ব্যবহার করিতে হইবে, যথা:-

**টেবিল**

| ক্রমিক নং | খুচরা মূল্যস্তর (প্রতি দশ শলাকা) | শলাকা সংখ্যা | সিগারেটের মোড়কের (প্যাকেট) প্রকৃতি | ডিজাইন | স্ট্যাম্প বা ব্যান্ডরোল |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ১। | ৩৭ টাকা ও তদুর্ধ্ব | ১০ | শেল এন্ড স্লাইড | হালকা সবুজ | ব্যান্ডরোল |
| | | ১০ | হার্ড এন্ড সফট | হালকা খয়েরী | স্ট্যাম্প |
| | | ২০ | হার্ড এন্ড সফট | হালকা খয়েরী | স্ট্যাম্প |
| ২। | ৬৩ টাকা ও তদুর্ধ্ব | ১০ | শেল এন্ড স্লাইড | হালকা গোলাপী | ব্যান্ডরোল |
| | | ১০ | হার্ড এন্ড সফট | হালকা নীল | স্ট্যাম্প |

| ক্রমিক নং | খুচরা মূল্যস্তর (প্রতি দশ শলাকা) | শলাকা সংখ্যা | সিগারেটের মোড়কের (প্যাকেট) প্রকৃতি | ডিজাইন | স্ট্যাম্প বা ব্যান্ডরোল |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| | | ২০ | হার্ড এন্ড সফট | হালকা নীল | স্ট্যাম্প |
| ৩। | ৯৩ টাকা ও তদুর্ধ্ব | ১০ | হার্ড এন্ড সফট | হালকা সবুজ | স্ট্যাম্প |
| | | ২০ | হার্ড এন্ড সফট | হালকা সবুজ | স্ট্যাম্প |
| ৪। | ১২৩ টাকা ও তদুর্ধ্ব | ১০ | হার্ড এন্ড সফট | হালকা মেরুন | স্ট্যাম্প |
| | | ১২ | হার্ড এন্ড সফট | হালকা মেরুন | স্ট্যাম্প |
| | | ২০ | হার্ড এন্ড সফট | হালকা মেরুন | স্ট্যাম্প |

**৬। উৎপাদিত সিগারেটের প্যাকেটে স্ট্যাম্প বা ব্যান্ডরোল লাগাইবার পদ্ধতি।- (১)** উৎপাদিত সিগারেটের প্যাকেটে নিম্নবর্ণিত পদ্ধতিতে স্ট্যাম্প বা ব্যান্ডরোল লাগাইতে (affix) হইবে, যথা:-

(ক) উৎপাদনের পর সিগারেটের প্যাকিং পর্যায়ে সংশ্লিষ্ট সিগারেট কারখানায় স্থাপিত স্ট্যাম্পিং মেশিন দ্বারা সিগারেটের প্যাকেটে স্ট্যাম্প বা ব্যান্ডরোল লাগাইতে হইবে; এবং

(খ) স্ট্যাম্প বা ব্যান্ডরোল লাগাইবার সময় কমিশনার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত সহকারী রাজস্ব কর্মকর্তার নিম্নে নহেন এমন কোনো কর্মকর্তার উপস্থিতিতে উক্ত মেশিন দ্বারা স্ট্যাম্প বা ব্যান্ডরোলে আঁঠা (Glue) লাগাইয়া, ক্ষেত্রমত, —

(অ) হার্ড ও সফট প্যাকেট খোলার মুখে এমনভাবে স্ট্যাম্প লাগাইতে হইবে যেন উক্ত লাগানো স্ট্যাম্প ছিঁড়িয়া ফেলা ব্যতীত সংশ্লিষ্ট সিগারেটের প্যাকেটের মুখ খোলা না যায়;

(আ) শেল এন্ড স্লাইড প্যাকেটের প্রস্থের দিকে দুই প্রান্তের স্লাইডকে যুক্ত করিয়া এমনভাবে ব্যান্ডরোল লাগাইতে হইবে যেন উক্ত লাগানো ব্যান্ডরোল ছিঁড়িয়া ফেলা ব্যতীত প্যাকেটের কোনো মুখ খোলা না যায়; এবং

(ই) হার্ড ও সফট প্যাকেটে এবং শেল এন্ড স্লাইড প্যাকেটে এমনভাবে ব্যান্ডরোল লাগাইতে হইবে যাহাতে মুদ্রিত খুচরা মূল্য সহজেই দেখা যায় এবং কোনো ক্রমেই স্ট্যাম্প,ব্যান্ডরোল বা অন্যকোনো কারণে খুচরা মূল্য আবৃত না হয়।

(২) স্ট্যাম্প বা ব্যান্ডরোল লাগানোর স্ট্যাম্পিং মেশিনের কারিগরি ত্রুটির কারণে কোনো স্ট্যাম্প বা ব্যান্ডরোল নষ্ট হইলে, উক্ত নষ্ট হইয়া যাওয়া স্ট্যাম্প বা ব্যান্ডরোল উৎপাদক কর্তৃক সংরক্ষণ করিতে হইবেঃ

তবে শর্ত থাকে যে, নষ্ট হওয়া স্ট্যাম্প বা ব্যান্ডরোলের সংখ্যা কোনোক্রমেই ব্যবহৃত স্ট্যাম্প বা ব্যান্ডরোলের মোট সংখ্যার ১ (এক) শতাংশের অধিক হইতে পারিবে না:

আরও শর্ত থাকে যে, কারিগরি ত্রুটি ব্যতীত অন্য কোনো কারণে স্ট্যাম্প বা ব্যান্ডরোল নষ্ট হইবার ক্ষেত্রে, সংশ্লিষ্ট কমিশনার যথাযথ তদন্তপূর্বক, ব্যবহৃত স্ট্যাম্প বা ব্যান্ডরোলের মোট সংখ্যার সর্বোচ্চ ২ (দুই) শতাংশ পর্যন্ত নষ্ট হইয়াছে মর্মে বোর্ডে প্রতিবেদন প্রেরণ করিবেন এবং উক্ত প্রতিবেদন বিষয়ে বোর্ড হইতে ভিন্নরূপ কোন নির্দেশনা প্রদান না করিলে স্ট্যাম্প বা ব্যান্ডরোলের ২ (দুই) শতাংশ পর্যন্ত নষ্ট হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(৩) উপ-বিধি (২) এ নির্ধারিত সংখ্যক বা হারের অধিক স্ট্যাম্প বা ব্যান্ডরোল নষ্ট হইলে বা নষ্ট হইয়াছে মর্মে দেখানো হইলে সংশ্লিষ্ট উৎপাদক কর্তৃক উক্তরূপ নষ্ট হইয়া যাওয়া অতিরিক্ত স্ট্যাম্প বা ব্যান্ডরোল যত সংখ্যক সিগারেটের প্যাকেটে লাগানো যাইত, তৎসংখ্যক সিগারেটের প্যাকেটের ক্ষেত্রে প্রদেয় মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বাবদ প্রাপ্য রাজস্ব আদায়ক্রমে সিগারেটের চালান খালাস করা যাইবে।

**৭। আমদানিকৃত সিগারেটের প্যাকেটে স্ট্যাম্প বা ব্যান্ডরোল লাগানোর পদ্ধতি।-** (১) আমদানিকৃত সিগারেটের প্যাকেটে স্ট্যাম্প বা ব্যান্ডরোল লাগানোর ক্ষেত্রে-

(ক) আমদানিকারক কর্তৃক সিগারেট আমদানির ক্ষেত্রে আমদানি ঋণপত্রে "জাতীয় রাজস্ব বোর্ডের নির্দেশিত স্ট্যাম্প বা ব্যান্ডরোল লাগানো" শীর্ষক শর্ত উল্লেখ করিতে হইবে; এবং

(খ) সিগারেটের প্যাকেটে স্ট্যাম্প বা ব্যান্ডরোল লাগানোর ক্ষেত্রে বোর্ড কর্তৃক নির্দেশিত পদ্ধতি অনুসরণ করিতে হইবে।

(২) স্ট্যাম্প বা ব্যান্ডরোল লাগানো অবস্থায় সিগারেটের প্যাকেট আমদানি হইয়াছে কিনা সেই সম্পর্কে নিশ্চিত হইয়া সংশ্লিষ্ট শুল্ক আদায়কারী কর্তৃপক্ষ উক্ত সিগারেট চালান শুল্কায়ন করিবেন এবং নিরূপিত কর বাবদ প্রদেয় অর্থ হইতে স্ট্যাম্প বা ব্যান্ডরোল ক্রয়কালে প্রদত্ত অর্থ সমন্বয় করিয়া অবশিষ্ট কর বাবদ প্রাপ্য রাজস্ব আদায়ক্রমে সিগারেটের চালান খালাস করা যাইবে।

**৮। প্রতিবেদন।-** (১) সিগারেট উৎপাদক তাহাদের সংগৃহীত স্ট্যাম্প বা ব্যান্ডরোলের মজুদ, ব্যবহার, মাসওয়ারী বিবরণ সংবলিত প্রতিবেদন পরবর্তী মাসের ৭ (সাত) কার্যদিবসের মধ্যে বোর্ড কর্তৃক নির্ধারিত ফরমে সংশ্লিষ্ট কমিশনার এর কার্যালয়ে প্রেরণ করিবেন।

(২) সিগারেট উৎপাদক বা আমদানিকারককে তাহাদের উৎপাদিত সিগারেট বাজারজাতকরণের বিক্রয় কেন্দ্রসহ নিয়োগকৃত ডিলার, এজেন্ট এবং ডিস্ট্রিবিউটরের নাম ও ঠিকানা স্থানীয় সংশ্লিষ্ট কমিশনারের কার্যালয়ে দাখিল করিতে হইবে।

**৯। তদারকি।-** (১) কমিশনার, সিগারেট উৎপাদন কারখানায় সিগারেটের প্যাকেটে বিধি ৬ এ বর্ণিত পদ্ধতিতে স্ট্যাম্প বা ব্যান্ডরোল লাগাইবার প্রক্রিয়া পর্যবেক্ষণ ও নিশ্চিত করিবার লক্ষ্যে, সংশ্লিষ্ট কারখানায় সার্বক্ষণিকভাবে প্রয়োজনীয় সংখ্যক কর্মকর্তার (ন্যূনতম সহকারী রাজস্ব কর্মকর্তা) উপস্থিতি নিশ্চিত করিবেন এবং পদস্থ কর্মকর্তা কারখানায় ইস্যুকৃত স্ট্যাম্প বা ব্যান্ডরোলের চাহিদাপত্র এবং উহা সরবরাহের আদেশপত্র, স্ট্যাম্প বা ব্যান্ডরোল মজুদ, সিগারেটের প্যাকেটের গায়ে স্ট্যাম্প ব্যবহার সম্পর্কিত ব্যবস্থা ইত্যাদি কার্যক্রম পর্যবেক্ষণ এবং তৎসম্পর্কে তাহার মন্তব্য বোর্ড কর্তৃক নির্ধারিত ফরমে লিপিবদ্ধ করিবেন।

(২) এই বিধিমালার অধীন নির্ধারিত পদ্ধতিতে স্ট্যাম্প বা ব্যান্ডরোল সংগ্রহ করিয়া উহা উৎপাদিত বা আমদানিকৃত সিগারেটের প্যাকেটে যথাযথভাবে ব্যবহার করা হইয়াছে কিনা তাহা নিশ্চিত করিবার লক্ষ্যে কমিশনার বা তৎকর্তৃক মনোনীত উপযুক্ত প্রতিনিধি প্রতি একমাস অন্তর একবার সংশ্লিষ্ট সিগারেট কারখানা পরিদর্শন করিবেন।

**১০। স্ট্যাম্প বা ব্যান্ডরোলের হিসাব সংরক্ষণ ইত্যাদি।-** (১) সিগারেট উৎপাদককে সিগারেট প্যাকেটে স্ট্যাম্প বা ব্যান্ডরোলের মাসিক সম্ভাব্য চাহিদা সংখ্যা, বোর্ড কর্তৃক নির্ধারিত ফরমে ও ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার নিকট দাখিল করিতে হইবে।

(২) সিগারেটের উৎপাদক সিগারেটের প্যাকেটে ব্যবহারের উদ্দেশ্যে পর্যাপ্ত পরিমাণ স্ট্যাম্প বা ব্যান্ডরোল মজুদ রাখিয়া নূতন স্ট্যাম্প বা ব্যান্ডরোল সংগ্রহ করিতে হইবে।

(৩) আমদানিকারক বা উৎপাদক কর্তৃক সংগৃহীত স্ট্যাম্প বা ব্যান্ডরোল সংশ্লিষ্ট সিগারেট কারখানায় আনয়নের পর, বোর্ড কর্তৃক নির্ধারিত ফরমে, স্ট্যাম্প বা ব্যান্ডরোলের যাবতীয় তথ্য লিপিবদ্ধ রাখিতে হইবে।

(৪) আমদানিকারক বা উৎপাদক কর্তৃক সংগৃহীত স্ট্যাম্প বা ব্যান্ডরোল সংশ্লিষ্ট সিগারেট কারখানায় আনয়নের পর, বোর্ড কর্তৃক নির্ধারিত ফরমে, স্ট্যাম্প বা ব্যান্ডরোলের যাবতীয় তথ্য লিপিবদ্ধ রাখিতে হইবে।

(৫) উৎপাদক একটি নির্দিষ্ট সময়ে কোনক্রমেই কারখানার গড় চাহিদা অনুযায়ী ২ (দুই) মাসের অধিক পরিমাণ স্ট্যাম্প বা ব্যান্ডরোল মজুদ রাখিতে পারিবেন না এবং কোনো কারণে বেশী মজুদ থাকিলে কর্তব্যরত সহকারী রাজস্ব কর্মকর্তা তাহা সরেজমিন যাচাই করিয়া ব্যান্ডরোল রেজিস্টারে নাম দস্তখত ও নামীয় সীল প্রদানপূর্বক লিপিবদ্ধ করিবেন এবং ২ (দুই) কার্যদিবসের মধ্যে তা মূসক সার্কেল ও বিভাগীয় দপ্তরকে পত্রের মাধ্যমে অবহিত করিবেন।

(৬) কর্তব্যরত সহকারী রাজস্ব কর্মকর্তা কারখানার দৈনিক কার্যক্রমের সাথে মিল রাখিয়া একটি সুবিধাজনক সময়ে নকল, জাল, নষ্ট বা ব্যবহার অনুপযোগী স্ট্যাম্প বা ব্যান্ডরোল সংখ্যা ব্যান্ডরোল রেজিস্ট্রারে তারিখ অনুযায়ী নাম, দস্তখত ও নামীয় সীল প্রদানপূর্বক লিপিবদ্ধ করিবেন।

(৭) উপ-বিধি (৫) এ উল্লিখিত কর্মকর্তা নকল, জাল, নষ্ট বা ব্যবহার অনুপযোগী বা বাংলাদেশ সিকউরিটি প্রিন্টিং কর্পোরেশনে ফেরতযোগ্য স্ট্যাম্প বা ব্যান্ডরোলের হিসাব পাক্ষিক ভিত্তিতে মূসক সার্কেল ও বিভাগীয় দপ্তরকে পত্রের মাধ্যমে অবহিত করিবেন।

(৮) মূসক বিভাগীয় কর্মকর্তা প্রতি মাসের ১০ (দশ) কার্যদিবসের মধ্যে পূর্ববর্তী মাসের সংশ্লিষ্ট সিগারেট উৎপাদনকারী প্রতিষ্ঠানের ব্যান্ডরোলের মজুদ, নকল, জাল, নষ্ট বা ব্যবহার অনুপযোগী স্ট্যাম্প বা ব্যান্ডরোলের সংখ্যা, বাংলাদেশ সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশনে ফেরতযোগ্য স্ট্যাম্প বা ব্যান্ডরোলের হিসাব, রাজস্ব তথ্য সংশ্লিষ্ট কমিশনারেটে প্রেরণ করিবেন।

**১১। হিসাবরক্ষণ ও কর পরিশোধ।-** (১) সিগারেট উৎপাদনকারী কর্তৃক সিগারেট উৎপাদনে ব্যবহৃত উপকরণ ও পণ্যের হিসাব সংরক্ষণের ক্ষেত্রে, আইনের ধারা ৫১, ৫৩, ৫৪, ৬৪, ১০৭ এবং বিধিমালার ষষ্ঠ অধ্যায়ের বিধান অনুসরণ করিতে হইবে।

(২) সিগারেট উৎপাদনকারী প্রতিষ্ঠান কর্তৃক উৎপাদনস্থল হইতে সরবরাহ-ভিত্তিক সমুদয় মূসক,সম্পূরক শুল্ক ও সারচার্জ পরিশোধ করিতে হইবে।

(৩) উপ-বিধি (২) এর বিধান প্রতিপালনের লক্ষ্যে উৎপাদনকারী **"পরিশিষ্ট-খ"** এ বর্ণিত রেজিস্টারে প্রয়োজনীয় পরিমাণ জের রাখিবেন, পরিশোধিত মূসক হ্রাসকারী সমন্বয় গ্রহণ করিবেন এবং সরবরাহের পূর্বে উহা হইতে সরবরাহের বিপরীতে প্রযোজ্য প্রদেয় করের সমপরিমাণ অর্থ হ্রাস করিয়া সরবরাহ প্রদান করিবেন।

(৪) উপ-বিধি (২) ও (৩) এর উদ্দেশ্যপূরণকল্পে **"পরিশিষ্ট-খ"** অনুযায়ী লেনদেনের বর্ণনা, প্রদেয় উৎপাদ কর, ট্রেজারিতে জমা প্রদান এর পরিমাণ ও এতদসংশ্লিষ্ট তথ্যাদি লিপিবদ্ধ

করিতে হইবে এবং ট্রেজারি চালানের মাধ্যমে ট্রেজারিতে সময় সময় এমন পরিমাণ অর্থ জমা প্রদান করিতে হইবে যাহাতে যেকোনো সময় উক্ত জমাকৃত অর্থের এবং প্রদত্ত উপকরণ কর বাবদ প্রাপ্য রেয়াতের সমষ্টির দ্বারা প্রদেয় উৎপাদ কর পরিশোধ করা যায়;

(৫) স্ট্যাম্প বা ব্যান্ডরোল দি সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশন হইতে সংগ্রহ করিতে হইবে এবং **"পরিশিষ্ট-গ"** তে ব্যান্ডরোলের হিসাব সংরক্ষণ করিতে হইবে।

**১২। সরবরাহ ও চালানপত্র ইস্যু।- (১)** সিগারেট উৎপাদন কারখানা হইতে সিগারেটের প্রতিটি অপসারণই সরবরাহ হিসাবে বিবেচিত হইবে এবং প্রতিটি সরবরাহের বিপরীতে বিধিমালার ফরম "মূসক-৬.৩" এ ক্রেতার অনুকূলে একটি চালানপত্র ইস্যু করিতে হইবে।

(২) সিগারেট সরবরাহ ব্যতীত অন্যান্য স্থানান্তর বিধিমালার বিধান অনুযায়ী সম্পন্ন হইবে।

**১৩। দাখিলপত্র পেশকরণ।-** আইনের ধারা ৬৪ এবং বিধিমালার বিধি ৪৭ এর বিধান অনুযায়ী সিগারেট উৎপাদনকারী প্রতিষ্ঠানকে প্রতিটি কর মেয়াদের জন্য দাখিলপত্র পেশ করিতে দিতে হইবে।

**১৪। রহিতকরণ।**— এই বিধিমালা কার্যকর হইবার সঙ্গে সঙ্গে এতদ্দ্বারা আমদানিকৃত বা উৎপাদিত তামাকজাত সিগারেট (প্যাকেটে স্ট্যাম্প বা ব্যান্ডরোল ব্যবহার পদ্ধতি) বিধিমালা, ২০১১ রহিত হইবে।

**পরিশিষ্ট-ক**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা

উপকরণ/উৎপাদ সম্পর্ক বা সহগ ও মূল্যভিত্তি ঘোষণাপত্র
[ অনুচ্ছেদ ৫ এর উপ-অনুচ্ছেদ (৩) দ্রষ্টব্য ]

১। সিগারেট উৎপাদনকারীর নাম:
২। ঠিকানা:
৩। নিবন্ধন সংখ্যা:

৫। ঘোষণা নম্বর .......... /বৎসর
৬। টেলিফোন নম্বর:
৭। ফ্যাক্স নম্বর:

| ক্রমিক সংখ্যা | পণ্যের নাম ও বিবরণ (সিগারেটের ব্র্যান্ড নাম ও উৎস) | সরবরাহ/ বিক্রয়ের একক | সিগারেট উৎপাদনে ব্যবহার্য উপকরণ/কাঁচামাল এবং প্যাকিং সামগ্রীর নাম ও বিবরণ | উৎপাদনে ব্যবহার্য অপচয়সহ উপকরণ/কাঁচামাল ও প্যাকিং সামগ্রীর পরিমাণ (অপচয়ের পরিমাণ প্রথম বন্ধনীর মধ্যে আলাদাভাবে উল্লেখ করিতে হইবে) | কলাম (৫) এ বর্ণিত উপকরণ বা প্যাকিং সামগ্রীর মূল্য (আমদানিকৃত হলে শুল্কায়নযোগ্য মূল্য+শুল্ক+ সম্পূরক শুল্ক+এলসি ফি+অবকাঠামো উন্নয়ন সারচার্জ/স্থানীয় উৎপাদিত হইলে সম্পূরক শুল্কসহ মোট ক্রয়মূল্য (প্রদত্ত মূসক ব্যতীত)/আবগারি পণ্য হইলে আবগারি শুল্কসহ মোট মূল্য/মূসক অব্যাহতিপ্রাপ্ত হইলে মোট ক্রয়মূল্য) | মূল্য সংযোজনের খাত/ আইটেমের নাম | প্রতি একক সিগারেটের মূল্যে কলাম (৭) এ উল্লিখিত প্রতিটি আইটেম বা খাতের অবদান/মূল্য সংযোজনের পরিমাণ | সম্পূরক শুল্ক আরোপযোগ্য মূল্য কলাম (৬) ও (৮) এর যোগফল | | কলাম (১০) এ প্রস্তাবিত মূল্যের ওপর সম্পূরক শুল্কের পরিমাণ | মূসক আরোপযোগ্য মূল্য [কলাম (১০) + কলাম (১১)] | | শুল্ক ও করসহ বিক্রয়মূল্য | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | বর্তমান | প্রস্তাবিত | | বর্তমান | প্রস্তাবিত | পাইকারী | মুদ্রিত খুচরা মূল্য |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) | (১২) | (১৩) | (১৪) | (১৫) |
| | | | | | | | | | | | | | | |

১। কলাম (৬), (৭) ও (৮) এ প্রদত্ত তথ্যের সমর্থনে অনুচ্ছেদ ১১ মোতাবেক বা প্রযোজ্য অন্যান্য প্রামাণিক দলিলাদি এই ঘোষণাপত্রের সহিত সংযুক্ত করা হইয়াছে।

২। আমি এইমর্মে অঙ্গীকার করিতেছি যে, কর ধার্যের জন্য উপর্যুক্ত মূল্যভিত্তি সম্পর্কিত সকল তথ্য সত্য ও যথাযথ এবং ইহা নির্ধারণের সমর্থনে সকল দলিলাদি আমার এখতিয়ারে আছে।

৩। উল্লিখিত বিধিমালার অনুচ্ছেদ ৪ এর উপ-অনুচ্ছেদ (৩) এ বর্ণিত পরিস্থিতির আলোকে মূল্য সংযোজন কর কর্তৃপক্ষ কর্তৃক পরিচালিত কোনো তদন্তে বা জরিপে উপরি-উক্ত ঘোষিত মূল্যভিত্তি অসংগতিপূর্ণ বা কম প্রতীয়মান হওয়ার ক্ষেত্রে উক্ত কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত মূল্যভিত্তি অনুযায়ী ঘোষণা প্রদানের তারিখ হইতে প্রদেয় কর প্রদানে আমি বাধ্য থাকিব।

**তারিখ:**

**নিবন্ধিত সিগারেট উৎপাদনকারী প্রতিষ্ঠানের**
**ব্যক্তি/ব্যবস্থাপনা কর্তৃপক্ষের স্বাক্ষর ও সিল**

**পরিশিষ্ট-খ**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জাতীয় রাজস্ব বোর্ড**
**ঢাকা**

## লেনদেনের বিবরণী

[ অনুচ্ছেদ ১০ এর উপ-অনুচ্ছেদ (৩) দ্রষ্টব্য ]

ব্যবসায় সনাক্তকরণ সংখ্যা: ..................................................
নাম: ..................................................
ঠিকানা: ..................................................

টেলিফোন: ..................................................

| ক্রমিক সংখ্যা | তারিখ | লেনদেনের বর্ণনা | ক্রয় বা বিক্রয় চালান | | ট্রেজারি জমা | বৃদ্ধিকারী সমন্বয় | হ্রাসকারী সমন্বয় | প্রদেয় | সমাপনী জের | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) |
| | | | | | | | | | | |

**“পরিশিষ্ট-গ”**

## ব্যান্ডরোল রেজিস্টার

[ অনুচ্ছেদ ১১ এর উপ-অনুচ্ছেদ (৫) দ্রষ্টব্য ]

| ক্র: নং | তারিখ | প্রারম্ভিক ব্যান্ডরোলের পরিমাণ | সংগৃহীত/ক্রয়কৃত ব্যান্ডরোলের পরিমাণ | সংগৃহীত/ক্রয়কৃত ব্যান্ডরোলের মূল্য | মোট ব্যান্ডরোল এর পরিমাণ (৬=৩+৪) | পোস্ট অফিস কর্মকর্তা বা বোর্ড কর্তৃক ক্ষমতা প্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর | ব্যবহৃত ব্যান্ডরোলের পরিমাণ | ব্যান্ডরোল এর জের ৯ = ৬-৮ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) |
| | | | | | | | | | |

**জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,**

**(হাছান মুহম্মদ তারেক রিকাবদার)**
**প্রথম সচিব (মূসক নীতি)**